

পশ্চিমবঙ্গ দিবস

আজ ২০ জুন আমাদের রাজ্য জুড়ে পালিত হচ্ছে 'পশ্চিমবঙ্গ দিবস'। এই উপলক্ষ্যে আমাদের কালীগঞ্জ সরকারি মহাবিদ্যালয়ে বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়েছে। আমাদের শিক্ষার্থীদেরকে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ সম্পর্কে সচেতন করাই এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য।

এই 'পশ্চিমবঙ্গ দিবস' পালিত হচ্ছে যে ঐতিহাসিক দিনটির স্মরণে, সেই দিনটি হল ১৯৪৭ সালের ২০ জুন। ওইদিন বঙ্গীয় আইনসভায় বাংলা ভাগের পক্ষে ভোট হয়েছিল। সেই বিশেষ ঘটনার পরেই স্বাধীন ভারতের অংশ হিসেবে পশ্চিমবঙ্গ রাজ্যের পথ তৈরি হয়েছে। সেই ঐতিহাসিক দিনটিকে স্মরণ করেই 'পশ্চিমবঙ্গ দিবস' পালন করা হচ্ছে। এই উদযাপনের মাধ্যমে পশ্চিমবঙ্গের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে আমাদের সচেতনতা আরও বৃদ্ধি পাবে। এছাড়াও সমাজে ভ্রাতৃত্ববোধ, দায়িত্ববোধ এবং ঐক্যের বার্তা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যও রয়েছে সরকারের।

এই দিনটি পালনের উদ্দেশ্যে আমাদের কালীগঞ্জ সরকারি মহাবিদ্যালয়ে 'পশ্চিমবঙ্গ দিবসের' ইতিহাস এবং গুরুত্ব নিয়ে বিশেষ বক্তৃতার আয়োজন করা হয়েছে। এছাড়া ছাত্রছাত্রীদেরকে উৎসাহিত করতে প্রবন্ধ লেখা এবং কুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে আমাদের মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আমাদের রাজ্য পশ্চিমবঙ্গের বিবিধ পরিসর সম্পর্কে সচেতন হয়ে ওঠার সুযোগ পাবে। পশ্চিমবঙ্গের ইতিহাস, বহুভাষিক পরিস্থিতি, শিল্পকলা ও ঐতিহ্য সম্পর্কে জানলে নিজস্ব সংস্কৃতির প্রতি শ্রদ্ধা ও সম্মান তৈরি হবে ছাত্র-ছাত্রীদের মনে। পশ্চিমবঙ্গের নদ-নদী, পাহাড়-পর্বত, ডুয়ার্স-তরাই, সমভূমি-মালভূমি, বনভূমি নিয়ে বিপুল বৈচিত্র্যময় ভূ-প্রকৃতি এবং জলবায়ু সম্পর্কে জানলে প্রাকৃতিক সম্পদের সঠিক ব্যবহার এবং পরিবেশ সংরক্ষণের গুরুত্ব বুঝবে ছাত্রছাত্রীরা। আবার পশ্চিমবঙ্গের প্রশাসনিক কাঠামো, পঞ্চায়েত বা পৌরসভা ব্যবস্থা এবং বর্তমান আর্থ-সামাজিক পরিস্থিতি সম্পর্কে অবগত থাকলে একজন সচেতন নাগরিক হিসেবে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে তারা। পশ্চিমবঙ্গের গৌরবময় ইতিহাস এবং দর্শনীয় স্থানগুলি সম্পর্কে জানলে ভিন্ন রাজ্যের বা ভিন্নদেশী মানুষের কাছে আমাদের রাজ্যের ইতিবাচক দিকগুলি তুলে ধরতে পারবে তারা। এছাড়া রাজ্য সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প ও বিভিন্ন উদ্যোগগুলি সম্পর্কে জানলে ব্যক্তিগত ও সামাজিকভাবে লাভবান হবে তারা। তাই পশ্চিমবঙ্গের সচেতন নাগরিক হিসেবে পশ্চিমবঙ্গ সম্পর্কে সঠিক জ্ঞান অর্জন করা যেমন আমাদের দায়িত্ব, তেমনি আমাদের আত্মপরিচয়ের নির্মাণেও এর গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য। আমাদের ছাত্র-ছাত্রীদেরকে পশ্চিমবঙ্গের দায়িত্বশীল ও গৌরবান্বিত নাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এই 'পশ্চিমবঙ্গ দিবস' পালন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে, এই আশা রইলো।

বন্দে মাতরম্!